

## ভারতীয় ভিসা নিয়ে কোনো সুখবর নেই

- A Monitor Desk Report

Date: 05 March, 2025



ঢাকাঃ গত ৫ আগস্টে পট পরিবর্তনের পর বাংলাদেশিদের শিক্ষা, চিকিৎসাসহ একাধিক প্রয়োজনে ভারত ভ্রমণের বিষয়টি কষ্টকর হয়ে পড়েছে। প্রতিবেশী দেশ ভারত এখন বাংলাদেশিদের সহজে ভিসা দেয় না।

অন্তর্বর্তী সরকারের পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন মঙ্গলবার (৪ মার্চ) সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এক প্রশ্নের জবাবে বলেন যে ভারতীয় ভিসা স্বাভাবিক করার তথ্য ভারতের পক্ষ থেকেই দিতে হবে।

বাংলাদেশি নাগরিকদের জন্য কবে নাগাদ ভারতীয় ভিসা প্রক্রিয়া স্বাভাবিক হবে, জানতে চাইলে পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন বলেন, এ রকম খবর ভারতীয় পক্ষ থেকে দিতে হবে। ভিসা জটিলতা আমরা সৃষ্টি করিনি। ভারত যে কোনো কারণে হোক...।

ভিসা দেওয়া তাদের সার্বভৌম অধিকার। কোনো দেশ কাউকে যদি ভিসা না দেয় বা কোনো গোষ্ঠীকে ভিসা না দেয়, এটা নিয়ে কোনো প্রশ্ন তোলা যাবে না। এটা তাদের সিদ্ধান্ত। আমরা আশা করছি, তারা (ভারত) তাদের সিদ্ধান্ত জানাবেন আমাদের বা কার্যকলাপ বাড়াবেন যেন লোকজন যারা ভারত যেতে চান, তারা ভিসা পান।

সংবাদমাধ্যমকে এক সাক্ষাৎকারে ভারত ইস্যুতে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের বক্তব্য নিয়ে করা প্রশ্নের জবাবে পররাষ্ট্র উপদেষ্টা বলেন, প্রধান উপদেষ্টা যে কথা বলেছেন, এটা কিন্তু একেবারে আমাদের অবস্থান। আমি বিভিন্ন সময়ে বলে আসছি ভালো কাজের সম্পর্ক চাই। আর এটা পারস্পরিক শ্রদ্ধার ভিত্তিকে করতে চাই। এই অবস্থানটা প্রধান উপদেষ্টা বলেছেন। আমাদের প্রথম থেকে একটা স্পষ্ট অবস্থান আছে, এটা তারই প্রতিফলন। বাকিটুকু দেখা যায়, দুই পক্ষের স্বার্থ আছে। কে কিভাবে সেই স্বার্থ সেই বিবিচনায় সম্পর্ক আগাবে।

